বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৯৮

তারিখ: ১৪ পৌষ ১৪২৯
২৯ ডিসেম্বর ২০২২

বিষয়: **বিএআরসি এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা (২০২২-২৩) অনুসারে ২য় ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২২-২০২৩ কর্মপরিকল্পনা অনুসারে ২য় প্রান্তিকে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তের আলোকে গত ২৫/১২/২০২২ ও ২৬/১২/২০২২ তারিখ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী কাউন্সিলের ০১টি নাগরিক সেবা (কৃষি প্রযুক্তি, কৃষিক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে, পরামর্শ প্রদান), ০১টি দাপ্তরিক সেবা (কম্পিউটার ল্যাব সুবিধা প্রদান) ও ০২ টি অভ্যন্তরীণ সেবা (সিপিএফ অগ্রিম/চুড়ান্ত মঞ্জুরী ও গ্রাচ্যুইটি) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রদান করা হয়েছে কি না তা পরবীক্ষণ কমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

২৯-১২-২০২২
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
ফোন: +৮৮-০২-২২২২৪২৬৬৬
ফ্যাক্স: +৮৮-০২-২২২২৪২৬৪৬
ইমেইল: ec.barc@barc.gov.bd

সচিব
কৃষি মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৯৮/১(১৫)

তারিখ: ১৪ পৌষ ১৪২৯
২৯ ডিসেম্বর ২০২২

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সদস্য পরিচালক ও পরিচালক, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
২) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

২৯-১২-২০২২
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
# ফার্মগেট, ঢাকা-১২১৫
# www.barc.gov.bd

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা এর আওতায় সেবাপ্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সেবা পরিবীক্ষণ প্রতিবেদন।**

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২২-২০২৩ কর্মপরিকল্পনার ১.২ কার্যক্রম অনুসারে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ২৫/১০/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কাউন্সিলের ০১টি নাগরিক সেবা (কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান), ০১টি দাপ্তরিক সেবা (কম্পিউটার ল্যাব সুবিধা প্রদান) এবং ০২টি অভ্যন্তরীণ সেবা (সিপিএফ অগ্রিম/ চূড়ান্ত মঞ্জুরী এবং গ্রাচ্যুইটি) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী বাস্তাবায়ন করা হয়েছে কি না তা গত ২৫/১২/২০২২ ও ২৬/১২/২০২২ তারিখে পরিদর্শন করে পরীক্ষা করা হয়। পরিদর্শনের মাধ্যমে প্রাপ্ত বিষয়গুলো নিম্নে প্রতিবেদন আকারে উপস্থাপন করা হলো:

**১) কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান:** কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান সেবাটি নাগরিক সেবার আওতাধীন। সেবাটি একজন সেবা গ্রহীতা আবেদনের মাধ্যমে অথবা সরাসরি সাক্ষাতের মাধ্যমে পেতে পারেন। উক্ত সেবাটি কাউন্সিলের প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিটের পাশাপাশি অন্যান্য কারিগরি বিভাগ ও ইউনিট থেকে প্রদান করা হয়। সেবাটি বিনামূল্যে প্রদান করা হয় এবং সেবা প্রদানের সময়সীমা ০৩ কার্যদিবস।

১.১ প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিট সরেজমিনে পরিদর্শনপূর্বক সংরক্ষিত রেজিস্টার ২০২২-২০২৩ পরিবীক্ষণ করে দেখা যায়, প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিট কর্তৃক নিম্নলিখিত ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহকে সেবা প্রদান করা হয়েছে।

| ক্র. নং | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | শাহ কৃষি তথ্য পাঠাগার ও জাদুঘর (কালীগ্রাম, মান্দা, নওগাঁ) আবেদনের প্রেক্ষিতে কৃষি তথ্য কেন্দ্র, বিএআরসি | বিএআরসি'র পত্র নং- ১২.২০.০০০০.০২৭.৩২ .০০১.২১.৫৪ | ০১/১১/২০২২ | শাহ কৃষি তথ্য পাঠাগার ও জাদুঘরে সংরক্ষণের জন্য টিটিএমইউ কর্তৃক ৮টি প্রকাশনা প্রদান করা হয়েছে |
| ২. | কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন নার্সভুক্ত প্রতিষ্ঠান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বরটান, এনআইবি, কৃষি বিপণন অধিদপ্তর | | ০৮/১২/২০২২ | 'Transferable Technologies on Safe Food Production Developed by NARS Institutes' শিরোনামে পুস্তক নার্সভুক্ত প্রতিষ্ঠান ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসমূহে প্রেরণ করা হয়েছে। |
| ৩. | নার্সভুক্ত প্রতিষ্ঠান | | ১২/১২/২০২২ | 'Transfer of Agricultural Technologies to Farmers Level for increasing Farm Productivity' শীর্ষক প্রকল্পের পিসিআর নার্সভুক্ত ১০টি প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। |

১.২ উপরোক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠান ছাড়াও বিভিন্ন ট্রেনিং প্রোগ্রামের সময় প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিট কৃষক ও উদ্যোগতাদের মাঝে কৃষি প্রযুক্তি বিষয়ক বই বিতরণ করে।

**মন্তব্য:** সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**২) কম্পিউটার ল্যাব সুবিধা প্রদান:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের কম্পিউটার ও জিআইএস ইউনিট প্রদত্ত সেবাটি দাপ্তরিক সেবার আওতাধীন। এক্ষেত্রে নার্সভুক্ত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক চাহিদাপত্র প্রাপ্তি সাপেক্ষে সেবা প্রদান করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ৫ (দশ) কার্যদিবস।

২.১ কম্পিউটার ও জিআইএস ইউনিট সরেজমিনে পরিদর্শনপূর্বক নথি ও রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী উক্ত সেবার আওতায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহকে সেবা প্রদান করা হয়েছে।

| ক্র: নং | সেবার নাম | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য প্রশিক্ষণ ল্যাব ব্যবহার। | বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ | ০২/০৮/২০২২ | ২৪ ও ২৫ আগষ্ট ২০২২ = ২ দিন | আবেদন প্রাপ্তির তিন দিনের মধ্যেই ল্যাব বরাদ্দের বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে জানানো হয়েছে |
| ২. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য প্রশিক্ষণ ল্যাব ব্যবহার। | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা। | ০৮/১১/২০২২ | ১৯/১১/২০২২ = ১ দিন | আবেদন প্রাপ্তির তিন দিনের মধ্যেই ল্যাব বরাদ্দের বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে জানানো হয়েছে |

**মন্তব্য:** সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**৩) সিপিএফ অগ্রিম/ চূড়ান্ত মঞ্জুরী:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের অর্থ ইউনিট প্রদত্ত বর্ণিত সেবাটি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে আবেদনপত্র প্রাপ্তি সাপেক্ষে সেবাটি প্রদান করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ১০ (দশ) কার্যদিবস।

৩.১ অর্থ ইউনিট উক্ত সেবা সংক্রান্ত নথি/ আবেদনপত্র/ নোট সিট ও রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী উক্ত সেবার আওতায় নিম্নবর্ণিত ব্যক্তিদের অক্টোবর-ডিসেম্বর, ২০২২ প্রান্তিকে সেবাটি প্রদান করা হয়েছে।

| ক্র. নং | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সিপিএফ ট্রাস্টি বোর্ডের অনুমোদন | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | মরহুমা শিরিনা মণি (অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর) এর পক্ষে তার স্বামী মোঃ সোয়েব উল্লাহ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। | নির্বাহী চেয়ারম্যানের দপ্তর:-ডাইরী নং:১৮৮১, তারিখ: ০৬.০৯.২০২২ খ্রিঃ (মৃত্যু ২৭.০৮.২০২২ খ্রিঃ) | ১৭.১১.২০২২ খ্রিঃ তারিখের ট্রাস্টি বোর্ডের ৬ষ্ট সভায় ভূতাপেক্ষভাবে অনুমোদন | স্মারক নং:- ১২.২০.০০০০.০২৩.২৬.০০১.২১/৫১৮(এ), তারিখ: ১০.১০.২০২২ খ্রিঃ | ডেথ সার্টিফিকেট বিলম্বে দাখিল করা হয় বিধায় পরিশোধে বিলম্ব হয়। |
| ২ | মোঃ দলির উদ্দিন বসুনিয়া, সহকারী পরিচালক (কমন সার্ভিস), বিএআরসি, ফার্মগেট, ঢাকা। | নির্বাহী চেয়ারম্যানের দপ্তর:-ডাইরী নং:১৫৫৪, তারিখ: ০৪.০৮.২০২২ খ্রিঃ (পূর্ণ অবসর ৩০.১০.২০২২ খ্রিঃ) | ১৭.১১.২০২২ খ্রিঃ তারিখের ট্রাস্টি বোর্ডের ৬ষ্ট সভায় অনুমোদন | স্মারক নং:- ১২.২০.০০০০.০২৩.২৬.০০১.২১/৫৩৫, তারিখ:২৮.১১.২০২২ খ্রিঃ | |
| ৩ | মোছাঃ দেলোয়ারা খুশি (প্রোগ্রামার), বিএআরসি, ফার্মগেট, ঢাকা। | নির্বাহী চেয়ারম্যানের দপ্তর:-ডাইরী নং: ২১২৫, তারিখ: ০২.১০.২০২২ খ্রিঃ (ইস্তফা ০৯.১০.২০২২ খ্রিঃ) | ১৭.১১.২০২২ খ্রিঃ তারিখের ট্রাস্টি বোর্ডের ৬ষ্ট সভায় অনুমোদন | স্মারক নং:- ১২.২০.০০০০.০২৩.২৬.০০১.২১/৫৩৬, তারিখ:২৮.১১.২০২২ খ্রিঃ | |

| ক্র. নং | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সিপিএফ ট্রাস্টি বোর্ডের অনুমোদন | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪ | মরহুম মোঃ নুরুল আলম ভুঁইয়া (অফিস সহায়ক) এর পক্ষে তার স্ত্রী নুর নাহার বেগম, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। | নির্বাহী চেয়ারম্যানের দপ্তর:-ডাইরী নং:২৫৮৭, তারিখ:২৯.১১.২০২২ খ্রিঃ (মৃত্যু ০২.১১.২০২২ খ্রিঃ) | ১৭.১১.২০২২ খ্রিঃ তারিখের ট্রাস্টি বোর্ডের ৬ষ্ট সভায় অনুমোদন | স্মারক নং:- ১২.২০.০০০০.০২৩.২৬.০০১.২১/৫৪৪, তারিখ:১৮.১২.২০২২ খ্রিঃ | ডেথ সার্টিফিকেট বিলম্বে দাখিল করা হয় বিধায় পরিশোধে বিলম্ব হয়। |
| ৫ | মোঃ হোসেন আলী (গাড়িচালক), বিএআরসি, ফার্মগেট, ঢাকা। | নির্বাহী চেয়ারম্যানের দপ্তর:-ডাইরী নং:২৪৪৩, তারখ:০৯.১১.২০২২ খিঃ | ১৭.১১.২০২২ খ্রিঃ তারিখের ট্রাস্টি বোর্ডের ৬ষ্ট সভায় অনুমোদন | স্মারক নং:১২.২০.০০০০.০২৩.২৬.০০২(২).২১/৫৪৫, তারিখ:২৬.১২.২০২২ খিঃ | পুনরায় আবেদন করে অগ্রীম সাময়িক স্থগিত রাখতে বলেন বিধায় পরিশোধে বিলম্ব হয়। |

**মন্তব্য:** সিপিএফ অগ্রিম/ চূড়ান্ত মঞ্জুরী সেবাটি পর্যালোচনা করতে গিয়ে দেখা যায় অধিকাংশ সেবা গ্রহীতাই পূর্ণ অবসর গ্রহণের তারিখের অনেক আগেই আবেদন করেন। এছাড়া সেবাটি পাবার জন্য সিপিএফ ট্রাস্টি বোর্ডের অনুমোদনের প্রয়োজন হয়। সিপিএফ ট্রাস্টি বোর্ডের অনুমোদনের পর সকল প্রয়োজনীয় কাগজপত্র ঠিক থাকলে দ্রুততম সময়ের মধ্যেই সেবাটি প্রদান করা হয়েছে।

**৪) গ্রাচ্যুইটি:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সংস্থাপন শাখা প্রদত্ত বর্ণিত সেবাটি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে আবেদনপত্র প্রাপ্তি সাপেক্ষে সেবাটি প্রদান করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ৭০ (সত্তর) কার্যদিবস।

৪.১ সংস্থাপন শাখার বিভিন্ন নথি/ আবেদনপত্র/ নোট সিট ও রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী উক্ত সেবার আওতায় নিম্নবর্ণিত ব্যক্তিদের অক্টোবর-ডিসেম্বর, ২০২২ সমরকালে সেবাটি প্রদান করা হয়েছে।

| ক্র: নং | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | ড. আ.শ.ম আনোয়ারুল হক<br>সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বিএআরসি, ঢাকা। | ০১/০৬/২০২২ খ্রি: | ০৭/০৮/২০২২ খ্রি: | সংস্থাপন শাখায় আবেদনপত্র প্রাপ্তির তারিখ: ০৫/০৬/২০২২ খ্রি:<br>পূর্ণ অবসর গ্রহণের তারিখ: ২৭/০৭/২০২২খ্রি: |
| ০২. | জনাব মোঃ সামছুল হক<br>পরিচ্ছন্নতা কর্মী<br>বিএআরসি, ঢাকা। | ০১/০৮/২০২২ খ্রি: | ১৩/১০/২০২২খ্রি: | সংস্থাপন শাখায় আবেদনপত্র প্রাপ্তির তারিখ: ১০/০৮/২০২২ খ্রি:<br>পূর্ণ অবসর গ্রহণের তারিখ: ০১/০৯/২০২২খ্রি: |
| ০৩. | জনাব শিরিনা মনি<br>অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>বিএআরসি, ঢাকা। | ০৪/০৯/২০২২ খ্রি: | ৩০/১০/২০২২খ্রি: | সংস্থাপন শাখায় আবেদনপত্র প্রাপ্তির তারিখ: ০৮/০৯/২০২২ খ্রি:<br>২৭/০৮/২০২২ তারিখ মৃত্যুবরণ করায় গ্রাচুইটি প্রাদন করা হয়েছে। |
| ০৪. | জনাব মো: দলিল উদ্দিন বসুনিয়া<br>সহকারী পরিচালক (কমন সার্ভিস)<br>বিএআরসি, ঢাকা। | ০১/০৮/২০২২ খ্রি: | ২১/১১/২০২২ খ্রি: | সংস্থাপন শাখায় আবেদনপত্র প্রাপ্তির তারিখ: ১০/০৮/২০২২ খ্রি:<br>পূর্ণ অবসর গ্রহণের তারিখ: ৩০/১০/২০২২খ্রি: |

**মন্তব্য:** গ্রাচ্যুইটি সেবাটি পর্যালোচনা করতে গিয়ে দেখা যায় প্রায় সব সেবা গ্রহীতাই পূর্ণ অবসর গ্রহণের তারিখের অনেক আগেই আবেদন করে থাকেন। কিন্তু পূর্ণ অবসর গ্রহণের পূর্বেই সেবা গ্রহীতা সেবাটি প্রাপ্তির অধিকারী হয়না

ফলে তাহার আবেদনটির বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রগনের জন্য পূর্ণ অবসর গ্রহণের তারিখ পর্যন্ত অপেক্ষা করতে হয়। পরবর্তীতে নির্ধারিত সময়সীমার মধ্যেই সেবাটি প্রদান করা হয়।

৪. সুপারিশ:

| ক্রমিক | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক) | কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান সেবাটি অনলাইন মাধ্যমে দেয়ার উদ্যোগ নেয়া যেতে পারে | ড. ফওজিয়া ইয়াসমিন<br>পরিচালক (টিটিএমইউ) |
| খ) | মন্ত্রলালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রদানের ক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ; | সকল কারিগরী বিভাগ/ইউনিট |
| গ) | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল সেবা প্রদানের জন্য বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা-কে পত্র প্রেরণ করা যেতে পারে; | মো: সাজ্জাদুর রহমান সরকার সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার |

28/12/2022
(মো: সাজ্জাদুর রহমান সরকার)
সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার
ও
সদস্য সচিব
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

28/12/22
(ড. যাকীয়াহ্ রহমান মনি)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি)
ও
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

28/12/2022
(মোঃ আল মোবাচ্ছের হোসেন)
প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (জনশক্তি ও প্রশিক্ষণ)
ও
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

28/12/22
(হাসান মোঃ হামিদুর রহমান)
পরিচালক (কম্পিউটার ও জিআইএস)
ও
আহবায়ক
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি